দৈনিক সংবাদ

তারিখ ... 16 MAY 1996
পৃষ্ঠা - ২ - কলাম - ৬

# ঢাঃ বিঃ সিন্ডিকেট ৩ সদস্যের কমিটি গঠন করেছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

প্রশাসনকে স্বচ্ছ করার লক্ষ্যে গতকাল বুধবার অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভায় ৩ সদস্যবিশিষ্ট কমিটি গঠিত হয়েছে। বিশ্বস্ত সূত্রে এ খবর জানা গেছে।

সূত্রমতে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন প্রশাসনিক অনিয়মের ফলে কোন ব্যক্তি যদি ক্ষতিগ্রস্ত হন তবে তিনি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের নিকট আবেদন করবেন।

রেজিস্ট্রার বিষয়টি কমিটির কাছে জানাবেন। এরপর কমিটি তথ্য সংগ্রহ করে সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য সিন্ডিকেটের নিকট পেশ করবে। এ প্রক্রিয়ার মধ্য দিয়ে প্রশাসনে স্বচ্ছতা আসবে বলে সিন্ডিকেটের কয়েকজন সদস্য আশা প্রকাশ করেন। তবে সিন্ডিকেটের দু'জন সদস্য এ কমিটি গঠনের তীব্র প্রতিবাদ করেন। তারা বলেন, বিশ্ববিদ্যালয়ের কোন অনিয়ম নিয়ে কমিটি হলে তা হবে সিনেট থেকে, সিন্ডিকেট থেকে নয়।

গতকালের সিন্ডিকেটের সভায় গঠিত ১৩ সদস্যবিশিষ্ট কমিটির সদস্যরা হচ্ছেন ব্যারিস্টার মইনুল হোসেন, ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডাঃ এম এ হাদী ও মেডিক্যাল কলেজ ফর উইমেন এন্ড হসপিটালের অধ্যক্ষ ডাঃ এ এম মুজিবুল হক।